# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৩৭

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৩. মাহরানার বিবরণ - তালাকপ্রাপ্তাকে সাধ্যানুযায়ী ভরণ-পোষণ প্রদান করা শরীয়তসম্মত

আরবী

وَأَصْلُ الْقِصَّةِ فِي «الصَّحِيحِ» مِنْ حَدِيثِ أَبِي أُسَيْدٍ السَّاعِدِيِّ

البخاري برقم (5255) ـ وفيه: «وقد أُتِيَ بالجَوْنِيَة ... فلما دخل عليها النبي ـصلى الله عليه وسلمـ قال: «هَبي نفسك لي». قالت: وهل تهب الملكة نفسها للسوقة؟ قال: «فأهوى بيده يضع يده عليها لتسكن». فقالت: أعوذ بالله منك. فقال: «قد عُذْتِ بمَعَاذ». ثم خرج علينا. فقال: يا أبا أسيد! اكسها رَازِقِيَّتَيْن، وأَلْحِقْهَا بأهلها

বাংলা

১০৩৭। আর আবূ উসাইদ সাঈদী কর্তৃক মূল বিরাবণ সহীহ বুখারীর হাদীসে রয়েছে।[1]

ফুটনোট

[1] বুখারী ৫২৫৫, ৫৬৩৭, মুসলিম ২০০৭, আহমাদ ১৫৬৩১, ২২৩৬২। বুখারীতে উক্ত ঘটনাটি বর্ণিত হয়েছে, আবূ উসায়দ ((রহঃ)) হতে বর্ণিত। তিনি বলেনঃ আমরা নাবী কমল এর সঙ্গে বের হয়ে শাওত নামক বাগানের নিকট দিয়ে চলতে চলতে দু’টি বাগান পর্যন্ত পৌঁছলাম এবং এ দু’টির মাঝে বসলাম। তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন : তোমরা এখানে বসে থাক। তিনি (ভিতরে) প্রবেশ করলেন।

وقد أُتِيَ بالجَوْنِيَة ... فلما دخل عليها النبي ـصلى الله عليه وسلمـ قال: «هَبي نفسك لي». قالت: وهل تهب الملكة نفسها للسوقة؟ قال: فأهوى بيده يضع يده عليها لتسكن». فقالت: أعوذ بالله منك. فقال: قد عُذْتِ بمَعَاذ. ثم خرج علينا. فقال: يا أبا أسيد! اكسها رَازِقِيَّتَيْن، وأَلْحِقْهَا بأهلها

তখন নুমান ইবন শারাহীলের কন্যা উমাইমার খেজুর বাগানস্থিত ঘরে জাওনিয়াকে আনা হয়। আর তাঁর খিদমতের জন্য ধাত্রীও ছিল। নাবী যখন তার কাছে গিয়ে বললেন, তুমি নিজেকে আমার কাছে সমর্পণ কর। তখন সে বলল : কোন রাজকুমারী কি কোন বাজারিয়া ব্যক্তির কাছে নিজেকে সমর্পণ করে? রাবী বলেনঃ এরপর তিনি তার হাত প্রসারিত করলেন তার শরীরে রাখার জন্য, যাতে সে শান্ত হয়। সে বলল : আমি আপনার থেকে আল্লাহর নিকট পানাহ চাই। তিনি বললেন : তুমি উপযুক্ত সত্তারই আশ্রয় নিয়েছ। এরপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাদের নিকট বেরিয়ে আসলেন এবং বললেন, হে আবূ উসায়দ! তাকে দুখানা কাতান কাপড় পরিয়ে দাও এবং তাকে তার পরিবারের নিকট পৌছিয়ে দাও।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ উসাইদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70848

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন